

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, বরিশাল
www.bkkb.barisaldiv.gov.bd

নম্বর-০৫.৮১.০৬০০.০০৮.১৮.০৮৮.১৯ (অংশ-২)-৪৫০

তারিখ: ২১-১১-২০২৩ খ্রি.


বিষয়: **সকল দপ্তর থেকে আবেদন প্রাপ্তি নিশ্চিতকরে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করণ।**

সূত্র: প্রধান কার্যালয়ের পত্র নং ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৬২০; তারিখ: ০৬.১১.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীপনকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহুল রোগের জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর ০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে (www.bkkb.gov.bd) সন্নিবেশিত রয়েছে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

০২। এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয় হতে মৃত, অক্ষম ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারকে যৌথভাবে এককালীন টাকা, মাসিক কল্যাণভাতা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার টাকা প্রদান করা হয়। কর্মরত কর্মচারীদের পরিবারের নির্ভরশীল সদস্যদের মৃত্যুজনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য, কর্মরত ও অবসরপ্রাপ্ত সকল কর্মকর্তা-কর্মচারীদের সাধারণ চিকিৎসা সাহায্য, কর্মরত (১৩-২০ গ্রেডের) কর্মচারীদের অনধিক দুই সন্তানের শিক্ষাবৃত্তি এবং অবসরপ্রাপ্ত/মৃত সকল কর্মচারীদের অনধিক দুই সন্তানের শিক্ষাবৃত্তির সাহায্য প্রদান করা হয়। এছাড়াও রুব-কমিউনিটি সেন্টারের বার্ষিক অনুদান ও মহিলা কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে সকল মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন অনুদানের আবেদন ফরম বিভাগীয় কার্যালয়, বরিশালের ওয়েবসাইটে (www.bkkb.barisaldiv.gov.bd) সন্নিবেশিত রয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, জটিল ও ব্যয়বহুল রোগের অনুদানসহ বোর্ডের অন্যান্য সেবা সম্পর্কে আপনার নিয়ন্ত্রণাধীন সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/১১/২৩
মোঃ রেজাউল বারী
পরিচালক (উপসচিব)
ফোন: ০২৪৭৮৮৩৪৭৪০
E-mail: bkkbbarisa@gmail.com

জেলা প্রশাসক

বরিশাল/পটুয়াখালী/ভোলা/বরগুনা/বালকাঠী/পিরোজপুর

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০২। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
সংস্থাপন শাখা
www.barisal.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০০৯.১৬.১১৬০

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৮-১১-২০২৩
সৈয়দ শহীদুল আলম
প্রশাসনিক কর্মকর্তা

বিতরণ:

- ১। জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এবং
- ৩। সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল।



সকল সংযুক্তিসমূহ:

(১) IMG_20231121_0023